

স্মারক নং--৫৭.০৩.০০০০.০৮৪.৩৯.১৫৫.১৮. ২৪৫

তারিখঃ ১৭/১২/২০১৯ খ্রি

বিষয়: HRMIS সফটওয়্যারটির HRM, Student Information System এবং Institute Information System শীর্ষক মডিউলসমূহের Live অপারেশন চালুকরণ প্রসংগে।

কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠান সমূহের দাপ্তরিক কার্যে ব্যবহারের জন্য স্কিলস্ অ্যান্ড ট্রেনিং এনহ্যান্সমেন্ট প্রজেক্ট (STEP)-এর অর্থায়নে বাস্তবায়নাধীন HRMIS সফটওয়্যারটির গত ০১/১২/২০১৯ খ্রি.হতে ০৩/১২/২০১৯ খ্রি. পর্যন্ত গৃহীত পাইলটিং কার্যক্রম ও সফটওয়্যারের সকল মডিউলের উপর অনুষ্ঠিত পর্যালোচনা সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক আগামী ১৮/১২/২০১৯ খ্রি. তারিখ হতে HRMIS সফটওয়্যারটির HRM, Student Information System এবং Institute Information শীর্ষক মডিউল অধিদপ্তরাধীন সকল প্রতিষ্ঠানের ব্যবহারের জন্য উন্মুক্ত করা হলো।


২। কারিগরি শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটের "আভ্যন্তরীণ ই-সেবা" ট্যাবের অধীনে "HRMIS" লিঙ্কে ক্লিক করে সরাসরি অথবা কম্পিউটারের ব্রাউজার প্রোগ্রামে(Mozilla Firefox/Chrome)"www.dte.gov.bd" টাইপ করে যেকোন ব্যবহারকারী HRMIS সফটওয়্যারে প্রবেশ করতে পারবে।

৩। প্রতিষ্ঠান লগইন করার জন্য বিশেষ নির্দেশিকা, মডিউল ভিত্তিক User Manual ইত্যাদি সকল ডকুমেন্ট এতদসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো। সফটওয়্যার ব্যবহারের ক্ষেত্রে সর্বপ্রথমে বিশেষ নির্দেশিকা সর্তকতার সাথে অনুসরণ করে লগইন করার পর HRM, Student Information System এবং Institute Information System শীর্ষক মডিউলের ইউজার ম্যানুয়াল (কপি সংযুক্ত) অনুসরণ করে প্রয়োজনীয় কার্য সম্পাদন করতে হবে। সফটওয়্যারে কোন অসামঞ্জস্যতা পাওয়া গেলে বা সফটওয়্যার বিষয়ক যেকোন প্রকার সহায়তার জন্য আইসিটি সেলের নিম্ন বর্ণিত কর্মকর্তাদের সাথে যোগাযোগ করা যেতে পারে-

ক্র. নং	কর্মকর্তার নাম ও পদবি	যোগাযোগ	মন্তব্য
১	জনাব শাকিলা রহমান ভারপ্রাপ্ত কর্মকর্তা	ইমেইল: shakiladte@gmail.com মোবা: ০১৭১১৩৬৭১১৯ ফোন:০২-৫৮১৫০৬৩৯	
২	জনাব মো: মাহাবুব আলম ইকুইপমেন্ট অফিসার	ইমেইল: mahabub.dte@gmail.com মোবা: ০১৭১১২২৯২৩১ ফোন:০২-৫৮১৫০৬৩৯	
৩	জনাব মো: আলী ইসলাম সংযুক্ত কর্মকর্তা	ইমেইল: aliislam.dte@gmail.com মোবা: ০১৯২৪৮৮৯৯৫৫ ফোন:০২-৫৮১৫০৬৩৯	

৪। সকল প্রতিষ্ঠানের প্রধানগণকে প্রথমত ICT বিষয়ে দক্ষ শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর সহায়তায় সফটওয়্যারে প্রতিষ্ঠানের আইডি ও ডিফল্ট পাসওয়ার্ড দ্বারা লগইন করে মাইগ্রেটকৃত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর Employee ID(যা তাদের User ID হিসেবে ব্যবহৃত হবে) সম্বলিত জনবলের তালিকা প্রিন্ট করে প্রারম্ভিক কার্য সম্পাদন করতে হবে। পরবর্তীতে HRM মডিউলে প্রত্যেক শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী নিজ নিজ User ID ও Password ব্যবহার করে প্রয়োজনে ICT বিষয়ে দক্ষ সহকর্মীর সহায়তায় পূর্বে সংরক্ষণ করা তাঁর তথ্যাদি View, Edit, Update এবং প্রয়োজনে সংশ্লিষ্ট কাগজপত্রের সফটকপি সংযুক্ত করতে পারবেন। সদ্য যোগানকৃত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীগণ নতুন করে রেজিস্ট্রেশন করতে পারবেন (যারা ইতোপূর্বে PIMS Software এ রেজিস্ট্রেশন করেনি)। নতুন রেজিস্ট্রেশন বা পূর্বে সংরক্ষণ করা তথ্যাদি Edit বা Update করার পর তা সেকসন প্রধান/বিভাগীয় প্রধান ও প্রতিষ্ঠান প্রধান কর্তৃক অনুমোদিত হওয়ার পর সর্বশেষে অধিদপ্তর কর্তৃক অনুমোদিত হওয়ার পর তথ্যসমূহ স্থায়ীভাবে ডাটাবেজে সংরক্ষিত হবে। সেকসন প্রধান/বিভাগীয় প্রধান/প্রতিষ্ঠান প্রধান তার User ID ও Password ব্যবহার করে HRM মডিউলে Login করার পর উক্ত ডাটা যাচাই করে এন্ড্রিকৃত তথ্য সঠিক প্রতীয়মান হলে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট forward করবেন অথবা এন্ড্রিকৃত তথ্য ত্রুটিপূর্ণ মনে হলে Comment লিখে Reject করতে পারবেন।

৫। প্রাথমিকভাবে প্রত্যেক প্রতিষ্ঠানের সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের জাতীয় পরিচয়পত্র নম্বর, জন্ম তারিখ, নিজ জেলা, দেশে-বিদেশে প্রশিক্ষণ, বদলী, প্রমোশন, অনুমোদিত উচ্চতর ডিগ্রি, ছুটির বিবরণসহ অন্যান্য তথ্যাদি এবং প্রতিষ্ঠান সংক্রান্ত তথ্যাদি আগামী ৩১/০১/২০২০ খ্রি. তারিখের মধ্যে হালনাগাদ (Update) করার জন্য প্রতিষ্ঠান প্রধানগণকে অনুরোধ করা হলো। HRMIS সফটওয়্যারে এন্ড্রিকৃত তথ্য নির্ভুল হওয়া আবশ্যিক। এবিষয়ে প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্ট শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী সচেতন থাকবেন।



(মোঃ আককাছ আলী সেখ)

পরিচালক (পিআইইউ)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১. প্রকল্প পরিচালক, স্কিলস্ অ্যান্ড ট্রেনিং এনহ্যান্সমেন্ট প্রজেক্ট (STEP), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা[প্রতিষ্ঠান পর্যায়ে ডাটা এন্ড্রিকৃত সময়ে উদ্ভূত সমস্যা দ্রুত নিরমনের জন্য সরবরাহকারী প্রতিষ্ঠানের বিশেষজ্ঞ আইসিটি সেলে উপস্থিত রাখার ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
 ২. অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা।
 ৩. অধ্যক্ষ, ভোকেশনাল টেকনিক্যাল টিচার্স ট্রেনিং ইন্সটিটিউট, বগুড়া।
 ৪. অধ্যক্ষ, ইঞ্জিনিয়ারিং কলেজ (সকল)
 ৫. অধ্যক্ষ, পলিটেকনিক ইন্সটিটিউট (সকল)
 ৬. অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ (সকল)
- সদয় অবগতি ও অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)
১. পরিচালক (প্রশাসন/পিআইডাব্লিউ/ভোকেশনাল/পিউইইউ/পরিচালনা ও উন্নয়ন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
 ২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, পরিবহন পুল ভবন, ঢাকা।
 ৩. সহকারী পরিচালক, শাখা-১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০ কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
 ৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
 ৫. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।
 ৬. অফিস নথি।